

ক বিভাগ: রচনামূলক প্রশ্ন - ৬০ নম্বর

[৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১০।] $10 \times 6 = 60$

১. অনুপাত বিশ্লেষণের প্রয়োজনীয়তা আলোচনা করো। ১০
২. 'পারস্পরিক আস্থা ও বিশ্বাস থাকলে অংশীদারি ব্যবসায় সফলকাম হওয়া সম্ভব'— উক্তিটি বিশ্লেষণ করো। ১০
৩. ধরো, তুমি ABC ব্যাংক হতে ১০% সুদে ১৮,০০,০০০ টাকার ঋণ গ্রহণ করেছ, আগামী তিন বছরে সমান কিস্তিতে এ ঋণ পরিশোধ করতে হবে। গৃহীত ঋণের মোট প্রত্যক্ষ ব্যয় কত? এবং মূলধন ফেরত পদ্ধতি অবলম্বন করে তোমার ঋণ পরিশোধের একটি তালিকা তৈরি করো। ১০
৪. বর্তমান প্রতিযোগিতামূলক ব্যবসায় জগতে ঝুঁকি বৃদ্ধির সাথে সাথে ঝুঁকি ব্যবস্থাপনার গুরুত্বও বৃদ্ধি পাচ্ছে। এ বক্তব্যের যথার্থতা মূল্যায়ন করো। ১০
৫. একটি প্রতিষ্ঠান কাম্য লভ্যাংশ নীতি অনুসরণ করে পরপর তিন বছর ১৫% লভ্যাংশ দিলেও এ বছর ১০% লভ্যাংশ দিয়ে ৫% প্রতিষ্ঠানে মূলধন হিসেবে রেখে দেয়। প্রতিষ্ঠানটির কাম্য লভ্যাংশ নীতিটি বিশ্লেষণ করো। ১০
৬. একটি প্রকল্পের প্রাথমিক খরচ ৫০,০০০ টাকা এবং উদ্ধারকৃত মূল্য ১০,০০০ টাকা। অবচয় পূর্ব এবং কর প্রদানের পূর্বে উক্ত প্রকল্প হতে প্রথম থেকে পঞ্চম বছর পর্যন্ত যথাক্রমে ১০,০০০ টাকা, ১২,০০০ টাকা, ১৪,০০০ টাকা, ১৬,০০০ টাকা ও ২০,০০০ টাকা পাওয়া যাবে। যদি করের হার ৫০ শতাংশ ও সরল রৈখিক পদ্ধতিতে অবচয় হিসাব করা হয়, তবে উক্ত প্রকল্পের ARR বের করো। ১০

৭. মূলধন ব্যয় সুযোগ ব্যয় দ্বারা নিয়ন্ত্রিত হয় - উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ
করো। ১০
৮. সময় ও সুদের হারের মান কীভাবে নির্ণয় করা হয়? বর্ণনা করো। ১০
৯. কোম্পানির মালিকানা সমন্বিত ও মালিকানাহীন বৈশিষ্ট্যমণ্ডিত
অর্থসংস্থানের মধ্যে তুলনামূলক বিশ্লেষণ করো। ১০

খ বিভাগ: সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন - ৪০ নম্বর

[৮টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ৫] $৫ \times ৮ = ৪০$

১. অবিরত চক্রবৃদ্ধি কাকে বলে? ৫
২. সুযোগ ব্যয় কী? ৫
৩. হিসাববিজ্ঞানের উপার্জন হার পদ্ধতি কী? ৫
৪. পোর্টফলিও তত্ত্বটি এত জনপ্রিয় কেন? ৫
৫. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ৫
৬. ব্যবসায় ঋণের খরচ কে বহন করে? ৫
৭. আর্থিক বিবরণী বিশ্লেষণের উদ্দেশ্যসমূহ কী কী? ৫
৮. মুনাফা সর্বাধিকরণ লক্ষ্যের সমালোচনা/সীমাবদ্ধতা ব্যাখ্যা করো। ৫
৯. সাধারণ বার্ষিক বৃত্তি ও অগ্রিম বার্ষিক বৃত্তির মধ্যে পার্থক্য দেখাও। ৫
১০. অবণ্টিত মুনাফা কী? ৫
১১. বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের কাজগুলো লেখো। ৫
১২. নতুন ইস্যুকৃত সাধারণ শেয়ারের ব্যয় কী? ৫